

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

স্মারক নং-৩৮০০.০০০০.০০৪.০৪.০২৩.১৬-১১

তারিখঃ ০৫ মাঘ ১৪২৩  
১৮ জানুয়ারি ২০১৭

আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম, উপজেলা শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে এ মন্ত্রণালয়ের ১০ নভেম্বর ২০১৬ তারিখের ৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৩.১৬-৫১০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত গুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযুক্তের লিখিত জবাব, ব্যক্তিগত গুনানীতে প্রদত্ত বক্তব্য, প্রাথমিক তদন্ত প্রতিবেদন ও দুর্নীতি দমন কমিশনের তদন্ত প্রতিবেদন এবং নথিপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চলার মত কোন দালিলিক প্রমাণাদি নেই মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম, উপজেলা শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক উক্ত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


স্বাক্ষরিত/-  
১৮/০১/২০১৭  
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)  
ভারপ্রাপ্ত সচিব

স্মারক নং-৩৮০০.০০০০.০০৪.০৪.০২৩.১৬-১১

তারিখঃ ০৫ মাঘ ১৪২৩  
১৮ জানুয়ারি ২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা/মাগুরা।
- ৭। জনাব মোঃ আব্দুস সালাম, উপজেলা শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা।
- ৮। অফিস কপি।

  
(মোঃ রেজাউল করিম)  
সহকারী সচিব (তদন্ত ও শৃঙ্খলা)  
ফোনঃ ৯৫৭৬৬৯১